২১/১০/১৭

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৬৫/ ৪৪৮ তারিখঃ ১৯.১০.২০১৭খ্রিঃ

বিষয়ঃ ট্রাস্ট পরিচালিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- জেশিঅ/নওগাঁ/১২৬৪; তারিখঃ ২১/০৮/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সদর উপজেলাধীন গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসার কমিটি গঠনে অনিয়ম হয়েছে মর্মে জনৈক মোঃ আতিকুর রহমান কর্তৃক জেলা শিক্ষা অফিসার, নওগাঁ বরাবর একখানা অভিযোগ দাখিল করা হয়। অভিযোগের প্রেক্ষিতে জেলা শিক্ষা অফিসার, নওগাঁ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন।

প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ক) উক্ত কমিটির অভিভাবক সদস্য জনাব মোঃ এবাদত আলীর কোন সন্তান কমিটি গঠনকাল থেকে বর্তমানে এই মাদ্রাসায় অধ্যয়নরত নেই, খ) উল্লিখিত মাদ্রাসাটিকে ট্রাস্টের অন্তর্ভূক্ত করার বিষয়ে কোন উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করা হয়নি, এ বিষয়ে সুপারের স্বেচ্ছাচারিতা লক্ষ করা গেছে এবং গ) বিদ্যমান বিধি বিধান না মেনে সিলেকশনের মাধ্যমে কমিটি গঠন করায় এলাকাবাসীর মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে। এছাড়া তদন্তকারী কর্মকর্তা বর্তমান কমিটি বিলুপ্ত করার বিষয়ে সুপারিশ প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- প্রশা/৬৩৫২/নথি নং- ১৬৫; তারিখঃ ১৮/০১/২০১৬ খ্রিঃ স্মারকে অনুমোদিত ট্রাস্ট পরিচালিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাদেরকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

19.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১৯/১০/১৭

প্রাপকঃ ১) সভাপতি, গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা, ডাকঘর- কীর্ত্তিপুর, সদর, নওগাঁ।
২) সুপার, গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা, ডাকঘর- কীর্ত্তিপুর, সদর, নওগাঁ।

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৬৫/ ৪৪৮ তারিখঃ ১৯.১০.২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নওগাঁ।
৪. সদস্যবৃন্দ, গোবিন্দপুর ক্ষুদিপীর দাখিল মাদ্রাসা, ডাকঘর- কীর্ত্তিপুর, সদর, নওগাঁ।
৫. জনাব মোঃ আতিকুর রহমান, পিতা- মোঃ এবাদত আলী, গ্রাম- গোবিন্দপুর, ডাকঘর- কীর্ত্তিপুর, সদর, নওগাঁ।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\10. October\18.10.2017\Nawga-165